

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
বিস্ফোরক অধিদপ্তর  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০  
www.explosives.gov.bd  
e-mail: dhaka@explosives.gov.bd

স্মারক নম্বর: ১৮০-২(ঙ)-০৫৮৬/১২৬৫

তারিখ: ০৪/০৮/২০২৫ খ্রি।

বিষয়: রংপুর মহানগরীর সদর থানাধীন রংপুর-দিনাজপুর মহাসড়কের পার্শ্বে সিও বাজারে কেলাবন্দ মৌজায় স্থাপিত 'মেসার্স সিও বাজার এলপিগিজ অটোগ্যাস অ্যান্ড কনভার্সন সেন্টার' নামীয় অটোগ্যাস স্টেশনে সংঘটিত দুর্ঘটনা প্রসঙ্গে।

সূত্র: বিস্ফোরক পরিদপ্তর, রংপুর এর স্মারক নং ৭৮০-২(ঙ)-০৫৮৬/৪৬৬; তারিখ: ২০/০৭/২০২৫ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'মেসার্স সিও বাজার এলপিগিজ অটোগ্যাস অ্যান্ড কনভার্সন সেন্টার' এর অনুকূলে এ দপ্তরের ১০/০৮/২০২৩ তারিখের ১৮০-২(ঙ)-০৫৮৬/৬৪৭১ সংখ্যক স্মারকের মাধ্যমে নকশা অনুমোদন দেয়া হয়। কিন্তু, অদ্যাবধি লাইসেন্স প্রদান করা হয়নি। লাইসেন্স না পাওয়া সত্ত্বেও অটোগ্যাস স্টেশনের কার্যক্রম পরিচালনা করা হয়েছে এবং ১৯/০৭/২০২৫ তারিখে গ্যাসাধার বিস্ফোরণজনিত দুর্ঘটনা সংঘটিত হয়। দুর্ঘটনায় প্রতিষ্ঠানের সহকারী প্রকৌশলী সেলিম রেজা ওরফে সোহাগ (৩৫) মৃত্যুবরণ করেন এবং আরো অন্তত ১৫ জন আহত হয়েছেন।

এমতাবস্থায়, লাইসেন্স ব্যতীত অটোগ্যাস ফিলিং স্টেশনটি অবৈধভাবে চালু রাখাসহ দুর্ঘটনা ঘটানোর দায়ে এ দপ্তর কর্তৃক অনুমোদিত নকশা [নম্বর ১৮০-২(ঙ)-০৫৮৬/৬৪৭১; তারিখ: ১০/০৮/২০২৩ খ্রি.] নির্দেশক্রমে বাতিল করা হলো।

(মোঃ আলিম উদ্দিন)

সহকারী বিস্ফোরক পরিদর্শক, ঢাকা।

ফোন: ৮৩৯২৫৯৯

✓ মেসার্স সিও বাজার এলপিগিজ অটোগ্যাস এন্ড কনভার্সন সেন্টার

প্রোঃ ১) ফারুক আহমেদ (বিপুল)

২) মোঃ আরিফুজ্জামান (আরিফ)

কেলাবন্দ, রংপুর সদর, রংপুর।

স্মারক নম্বর: ১৮০-২(ঙ)-০৫৮৬

তারিখ: /০৮/২০২৫ খ্রি।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত:

১। সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিস্ফোরক পরিদর্শক, রংপুর।

(মোঃ আলিম উদ্দিন)

সহকারী বিস্ফোরক পরিদর্শক, ঢাকা